

বিশ্বভারতী শান্তিনিকেতন

গ্রামাঞ্চলে বিশ্বভারতীর ত্রাণকার্যের জন্য অর্থ ও ত্রাণসামগ্রী অনুদানের জন্য উপাচার্যের আবেদন

নমস্কার,

বন্ধুরা, আপনারা হয়তো অবগত আছেন, রবীন্দ্র-আদর্শ এবং ঐতিহ্যে অনুগত থেকে বর্তমান লকডাউনে অবরুদ্ধ ও কর্মহীন আদিবাসী সম্প্রদায়ের দরিদ্রতর মানুষ ও গ্রামীণ দিনমজুর পরিবারগুলির সাহায্যার্থে বিশ্বভারতী কর্মিমণ্ডলীর সেবাশাখা ত্রাণকার্য করে চলেছে। আপনাদের সহৃদয় আনুকূল্য এবং মহকুমা প্রশাসনের সহযোগিতায় ২৮ এপ্রিল ২০২০ তারিখ পর্যন্ত এযাবৎ আমরা ১৮টি গ্রামের ১০০০-এর বেশি দুঃস্থ পরিবারের কাছে খাদ্য ও অন্যান্য ত্রাণসামগ্রী পৌঁছে দিতে সক্ষম হয়েছি।

এখনও অজস্র মানুষের কাছে আমাদের পৌঁছানো বাকি রয়ে গেছে। সেবাশাখার স্বৈচ্ছাসেবীরা পর্যায়ক্রমে এই কাজ সম্পন্ন করবেন। এইজন্য, অর্থ ও ত্রাণসামগ্রী অনুদানের মাধ্যমে এই মহান রতে আপনাদের আরও অংশগ্রহণ প্রয়োজন।

বিশ্বভারতী ও শান্তিনিকেতনের সঙ্গে সংশ্লিষ্ট অধ্যাপক-কর্মী, অবসরপ্রাপ্ত পেনসনভোগী, ছাত্র-গবেষক, প্রাক্তনী, অভিভাবক, আশ্রমিক, স্থানীয় অধিবাসী, ব্যবসায়ী এবং বিশ্বভারতী ও শান্তিনিকেতনের সঙ্গে নানাভাবে যুক্ত অন্যান্য ব্যক্তিবর্গের কাছে আমার সনির্বন্ধ আবেদন— সেবাশাখার সাহায্যার্থে আপনারা সবাই অগ্রণী ভূমিকা পালন করুন।

বিশ্বভারতীর শিক্ষক, অফিসার, শিক্ষাকর্মী, ছাত্র সম্প্রদায়; এবং সেইসঙ্গে সাংবাদিক বন্ধু ও রবীন্দ্র-আদর্শে অনুপ্রাণিত ব্যক্তিদের কাছে আমার বিশেষ নিবেদন— তাঁরা যেন বিশ্বভারতীর এই মহতী প্রয়াসে সহযোগিতা ও অনুপ্রেরণা সঞ্চার করে আমাদের সাফল্যমণ্ডিত করেন।

আসুন। সমবেতভাবে আমরা একটি উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করি।

সশ্রদ্ধ নিবেদন

বিদ্যুৎ চক্রবর্তী

বিদ্যুৎ চক্রবর্তী

২৮ (৯) এপ্রিল, ২০২০

সেবাশাখার সঙ্গে যোগাযোগ:

১. কিশোর ভট্টাচার্য : ৯৪৩৪৪৩২৪০০
২. সৌম্য ব্যানার্জি : ৯৪৩৪৩৭৫৬৫৪
৩. দেবলীনা দালাল : ২৪৭৬৩৬৬৭২২
৪. দেবাশিস রায় : ২৪৩৪৩৭ ৬৬ ২০



Vice-Chancellor
Visva-Bharati
Santiniketan
West Bengal-731235
India